দৈনিক ইনকিলাব

তারিখ 22 NOV 1991
পৃষ্ঠা ... কলাম ...

32

## বুয়েটে ভর্তি পরীক্ষা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ১ম বর্ষ ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিত-এ গড়ে ৬৫% নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদেরকে আবেদনপত্র সংগ্রহের সুযোগ দেওয়া হয়। অতঃপর উপরোক্ত তিনটি বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ৫১০টি আসনের জন্য ৩৫০০ জন ছাত্র-ছাত্রীদেরকে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হয়। যার ফলশ্রুতিতে পদার্থ, রসায়ন ও গণিতে গড়ে ৬৫% নম্বরের পরিবর্তে ৬৯% বা ৬৮% নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারে। ফলে আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের অধিকাংশ পরীক্ষার্থী, পরীক্ষার্থিনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পায় না। বুয়েট কর্তৃপক্ষের নিকট আবেদন, আসন সংখ্যার ১০ গুণ ছাত্র-ছাত্রীদেরকে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দান করুন। কারণ দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান যেমন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ৫৪০টি আসনে ৫৫০০ জন এবং সাম্প্রতিক খুলনা বিশ্ববিদ্যালয়ে মোট ৮০টি আসনের জন্য ৪০০০ জন ছাত্র-ছাত্রীদেরকে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হয়।

দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি লক্ষ্য রেখে বুয়েটে ৫৫০০ জন ছাত্র-ছাত্রীকে পরীক্ষাদানের সুযোগ দিলে ছাত্র-ছাত্রীদের বিরাট অংশ প্রতিযোগিতার সুযোগ পাবে।

—মোঃ রাহেনুল ইসলাম (রতন)

## আলিম পরীক্ষায় গ্রেস মার্ক চাই

এসএসসি ও এইচএসসিতে কম্পার্টমেন্টাল এবং গ্রেস দেওয়া হয়েছে। কিন্তু দুঃখের বিষয় দাখিল ও আলিম পরীক্ষায় গ্রেস ও কম্পার্টমেন্টাল পরীক্ষার সুযোগে দেয়া হয় না। লোকমুখে গুঞ্জন উঠেছে কম্পার্টমেন্টাল উঠিয়ে এইচএসসিতে ২৫ গ্রেস মার্ক দেওয়া হবে। তাই মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের নিকট অনুরোধ, আলিম পরীক্ষায় অনুরূপ ২৫ গ্রেস মার্ক দেওয়া হোক।

—মুহাম্মদ কফিল উদ্দিন জিহাদী,
শান্তিনীড় ছাত্রাবাস, জয়দেবপুর,
গাজীপুর।